# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd

স্মারক নং- ৫৭.১৬.০০০০.০০৬.৪৬.০০১.২৩-৩৯৭ তারিখ: ২৭/০১/২০২৬খ্রি.

## জরুরি বিজ্ঞপ্তি

**বিষয়ঃ ২০২৬ সালে ৬ষ্ঠ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের অনলাইন (e-SIF পূরণের মাধ্যমে) রেজিস্ট্রেশন**

**স্মারক নং-এইচএসপি/সামাজিক নিরাপত্তা কমসূচি সংক্রান্ত/২১৩/২০২৪/০৭, তারিখ:২২/০১/২০২৬ (প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট)**

**স্মারক নং:৩৭.০০.০০০০.০০০.০৬১.৯৯.০০৬০.১৮.৬১৯, তারিখ:২২/১০/২৫ (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়)**

এতদ্বারা অত্র বোর্ডের আওতাধীন পাঠদানের অনুমতিপ্রাপ্ত ও স্বীকৃতিপ্রাপ্ত দাখিল/আলিম এবং আরবি বিশ্ববিদ্যালয় অধিভূক্ত ফাযিল/কামিল পর্যায়ের মাদ্রাসার অধ্যক্ষ/সুপারসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৬ সালে ৬ষ্ঠ শ্রেণিতে ভর্তিকৃত অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন প্রক্রিয়া নিম্নবর্ণিত নির্দেশনাবলি অনুসরণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে e-SIF (Electronic student Information Form) পদ্ধতিতে সম্পন্ন করতে হবে।

### নির্দেশাবলি

১। শিক্ষার্থীর বয়স রেজিস্ট্রেশনের বছরের ১লা জানুয়ারি তারিখে নূন্যতম বয়স ০৯+ এবং সর্বোচ্চ বয়স ১৫ বছর হতে হবে। তবে বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে এ বয়সসীমা সর্বোচ্চ ২০ বছর।

২। শিক্ষার্থীর তথ্য এন্ট্রি দেয়ার সময় **অনলাইন জন্ম নিবন্ধন সনদ অনুযায়ী** শিক্ষার্থীর নাম, বয়স, জন্ম নিবন্ধন নম্বর, পিতা-মাতার নাম **ইংরেজিতে** পূরণ করতে হবে।

৩। শিক্ষার্থীর নামের পূর্বে Hafez, Kari, Alhaz, Mr., Mrs., Miss ইত্যাদি ধরনের শব্দ ব্যবহার করা যাবে না। শিক্ষার্থীর পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র অনুযায়ী পিতা-মাতার নাম এন্ট্রি করতে হবে। সেক্ষেত্রে শিক্ষার্থীর জন্ম নিবন্ধনেও পিতা-মাতার নাম একইরকম থাকতে হবে।

৪। অনলাইনে শিক্ষার্থীর তথ্য এন্ট্রি দেয়ার সময় ভর্তির রেজিস্ট্রার অনুযায়ী অবশ্যই তার জন্ম নিবন্ধন নম্বর ও অভিভাবকের সচল মোবাইল নম্বর ইনপুট দিতে হবে। ১টি মোবাইল নম্বর ব্যবহার করে কেবলমাত্র একজন শিক্ষার্থীরই রেজিস্ট্রেশন করা যাবে। ***জন্ম নিবন্ধন নম্বর ব্যতীত রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না।***

৫। ৬ষ্ঠ শ্রেণির রেজিস্ট্রেশন ব্যতীত কোন শিক্ষার্থীর পরবর্তী শ্রেণিতে (৮ম) রেজিস্ট্রেশনের সুযোগ থাকবে না।

৬। **অনলাইনে ফি জমা ও তথ্য এন্ট্রি সময় সূচীঃ**

| ক্রমিক | বিষয় | তারিখ |
|---|---|---|
| ক) | অনলাইনে রেজিস্ট্রেশন ফি জমা | ০১/০২/২০২৬ থেকে **১৫**/০২/২০২৬ পর্যন্ত |
| | অনলাইনে রেজিস্ট্রেশন ফি জমা (বিলম্বসহ) | **২২**/০২/২০২৬ পর্যন্ত |
| খ) | তথ্য (eSIF) এন্ট্রির সর্বশেষ তারিখ | ২৩/০২/২০২৬ পর্যন্ত |
| *(রেজিস্ট্রেশন ফি সিস্টেমে জমা হওয়ার পরই কেবলমাত্র তথ্য আপলোডের জন্য নতুন এন্ট্রি অপশন পাওয়া যাবে)* | | |

৭। **ফি প্রদান ও e-SIF পূরণঃ**

(ক) যে কোন ব্রাউজার হতে সরাসরি www.ebmeb.gov.bd প্রবেশ করে Class Six (IV)»»eSIF-Student Information Form»»2025 সিলেক্ট করে Continue বাটনে ক্লিক করে প্রতিষ্ঠানের লগইন প্যানেল আসবে। লগইন প্যানেলে প্রতিষ্ঠানের EIIN এবং Password ব্যবহার করে প্রবেশ করে **পেমেন্ট অপশনে** ক্লিক করে **শিক্ষার্থী সংখ্যা এন্ট্রি** দিয়ে সোনালী পেমেন্ট গেটওয়ের মাধ্যমে রেজিস্ট্রেশন ফি প্রদান করতে হবে।

(খ) রেজিস্ট্রেশন ফি সিস্টেমে জমা হওয়ার পরই কেবলমাত্র শিক্ষার্থীর তথ্য আপলোডের জন্য **নতুন এন্ট্রির** অপশন পাওয়া যাবে। এন্ট্রিকৃত শিক্ষার্থীদের পূর্ণাঙ্গ তথ্যের তালিকার প্রিন্ট আউট নিয়ে ভালভাবে তথ্য যাচাই বাছাই করতে হবে। যাচাই বাছাইয়ে ভুল ধরা পড়লে Edit অপশনে ক্লিক করে তথ্য সংশোধন করা যাবে।

৮। **রেজিস্ট্রেশন ফি-এর হার (শিক্ষার্থী প্রতি) নিম্নরূপঃ**

| ক্রমিক | বিবরণ | ফি এর হার |
|---|---|---|
| ক | রেজিস্ট্রেশন ফি | ৫০.০০ টাকা |
| খ | রেড ক্রিসেন্ট ফি | ০৮.০০ টাকা |
| **গ** | **বিলম্ব ফি ব্যতিত মোট ফি** | **৫৮.০০ টাকা** |
| ঘ | বিলম্ব ফি | ৫০.০০ টাকা (প্রযোজ্য ক্ষেত্রে) |
| **ঙ** | **বিলম্ব ফি সহ মোট ফি** | **১০৮.০০ টাকা** |

C:\Users\Anisur Rahman\Desktop\কমন সার্ভিস - Copy\57.16.0000.006.46.001.23 ৬ষ্ঠ\Six_2026 Registration (eSIF).doc



অপর পাতায় দ্রষ্টব্য

***বিঃদ্রঃ শিক্ষা মন্ত্রণালয়ের ১৭/১২/২০২০ তারিখের ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২২.১৭.৪৩৬ স্মারক মোতাবেক ৬ষ্ঠ শ্রেণির রেজিস্ট্রেশন কার্যক্রমের সময় শিক্ষার্থীদের কাছ থেকে আদায়কৃত ২০/- টাকার ৬০% অর্থাৎ ১২/- (বার) টাকা নিজ প্রতিষ্ঠানে (আলাদা রেড ক্রিসেন্ট হিসাব একাউন্টে) যুব রেড ক্রিসেন্ট কার্যক্রম পরিচালনার জন্য সংরক্ষণ করবে। অবশিষ্ট ৪০% অর্থাৎ ০৮/- (আট) টাকা মাদ্রাসা শিক্ষা বোর্ডে প্রদান করতে হবে।***

৯। শিক্ষার্থীর সকল তথ্য নিশ্চিত হয়ে ডাটা এন্ট্রি করতে হবে। উল্লিখিত তারিখের মধ্যে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন সম্পাদন করতে ব্যর্থ হলে এর দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।

১০। নতুন দাখিল স্তরের ৯ম শ্রেণির পাঠদান অনুমতি প্রাপ্ত মাদ্রাসা প্রধান বোর্ডে আবেদন করে পাসওয়ার্ড সংগ্রহ করবেন। **দাখিল স্তরের পাঠদানের অনুমতি/স্বীকৃতি ব্যতীত মাদ্রাসাসমূহ ৬ষ্ঠ শ্রেণির রেজিস্ট্রেশন করতে পারবে না।**

১১। e-SIF এর চূড়ান্ত তালিকার প্রিন্ট আউট কপিতে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের স্বাক্ষর নিয়ে হার্ড কপি মাদ্রাসায় সংরক্ষণ করতে হবে। রেজিস্ট্রেশনের তালিকা অত্র বোর্ড বা আঞ্চলিক কার্যালয়ে জমা প্রদানের প্রয়োজন নেই। ভবিষ্যতে বোর্ডের প্রয়োজনে যথাস্থানে তা দাখিল করতে হবে।

১২। বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে **'বিশেষ চাহিদা সম্পন্ন কি না'** তা উল্লেখ করতে হবে এবং প্রমাণ স্বরূপ সমাজসেবা অধিদপ্তরের অনলাইন ডাটাবেজ নিবন্ধন পূর্বক তাদের কর্তৃক প্রদত্ত সনদ সংযুক্ত করে বোর্ডে সরাসরি আবেদন করতে হবে।

১৩। শুধুমাত্র রেজিস্ট্রেশন ফি প্রদান ও তথ্য এন্ট্রি সংক্রান্ত সমস্যার সমাধানের জন্য প্রতিষ্ঠানের EIIN ভিত্তিক সিম নম্বর দিয়ে **০১৭১৩-০৬৮৯০৯** যোগাযোগ করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২৭.১.২৬

(প্রফেসর ছালেহ আহমাদ)
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,
ফোনঃ ০২-৯৬১২৮৫৮
ই-মেইলঃ registrar@bmeb.gov.bd

**অধ্যক্ষ/সুপার**
**বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল মাদ্রাসা**

স্মারক নং- ৫৭.১৬.০০০০.০০৬.৪৬.০০১.২৩-৩৯৭ তারিখঃ ২৭/০১/২০২৬ খ্রি.

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি বিতরণঃ**

১. পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক/প্রকাশনা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
২. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পরিদপ্তর, ময়মনসিংহ/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা ও বরিশাল অঞ্চল;
৩. পরামর্শক, কম্পিউটার কেন্দ্র, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)
৫. হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. সহকারী পরিদর্শক, ময়মনসিংহ/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা ও বরিশাল অঞ্চল।
৭. পি.ও.টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. অফিস কপি।

২৭/০১/২৬

মোঃ জিয়াউর রহমান
উপ-রেজিস্ট্রার (কমন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,ঢাকা।
ফোনঃ ০২-২২৩৩৬৫৪০৩
ই-মেইলঃ drcommon@bmeb.gov.bd

২৭/০১/২৬